# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bdemail: dinajpureducationboard@gmail.com

**২য় সংশোধনী**
একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত।

স্মারক নং- মাউশিবোদি/বিনি/জেএসসি/বিজ্ঞপ্তি-২০২৪/১৬৩(৪১০০) তারিখঃ ১২/০৯/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ ২০২৪ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এই শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে নিম্ন বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। প্রচলিত বিধান অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী শিক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর, তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স (১৯৬১ সনের ৩৩ নং আইন)- এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে।

**কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।**

৪। **"সোনালী সেবা" ক্রয়ের নিয়মাবলী ঃ-**

ক) www.dinajpurboard.gov.bd অথবা www.dinajpureducationboard.gov.bd -তে ভিজিট করে sonali seba link ব্যবহার করে sonali seba option-এ গিয়ে type of payment-এ Class Eight e-SIF-2024 select করে student সংখ্যা দিয়ে payslip print করতে হবে। তারপর নিকটস্থ সোনালী ব্যাংকে টাকা জমা পূর্বক প্রাপ্ত রশিদ সংগ্রহ করবেন । **উল্লেখ্য,** Class Eight **e-SIF-2024 ব্যতিত অন্য কোন option ব্যবহার করে sonali seba ক্রয় করলে** Class Eight **/2024-এর নিবন্ধন করা যাবে না** । **বিশেষভাবে লক্ষ্যণীয়, কোন অবস্থায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণ যোগ্য হবে না।**

খ) www.dinajpurboard.gov.bd অথবা www.dinajpureducationboard.gov.bd থেকে Class Eight e-SIF 2024 button এ ক্লিক করে EIIN No ও password দিয়ে Login করে Student Registration button এ ক্লিক করে Student এর সকল তথ্য প্রদান করে Save করতে হবে। এভাবে প্রতিষ্ঠানের সকল ছাত্র/ছাত্রীর তথ্য প্রদান শেষে হার্ডকপি সংরক্ষণ করতে হবে।

৫। "সোনালী সেবা" রশিদ এর উল্টো পৃষ্ঠায় জমাদানকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের /বিশেষ ক্ষেত্রে জমাদানকারীর নামসহ সীল স্বাক্ষর থাকতে হবে।

৬। নিবন্ধন ফরম ও অন-লাইনে তথ্য পূরণে এবং টাকা-পয়সার হিসাবে কোনরুপ ভুল-ভ্রান্তি/গরমিল থাকলে প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন।

৭। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০) = ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ২৪ (চব্বিশ) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৮। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের **শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে।** অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যরা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি রেজিষ্টার/ফরম ও জন্ম সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না।

৯। শিক্ষা বোর্ডে জমাকৃত সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকার বাইরে অন্য কোন শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন করা যাবে না। এ আদেশ অমান্য করা হলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে পাবলিক পরীক্ষার অধ্যাদেশ আইন ১৯৮০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কোন শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন হওয়ার পর বিদ্যালয় কর্তৃপক্ষ অষ্টম শ্রেণিতে ছাড়পত্র দিতে পারবেন না। ছাড়পত্র দিতে হলে শিক্ষা বোর্ডের নির্ধারিত ছাড়পত্রের ফরম (এক কপি) পূরণ পূর্বক প্রামাণ্য কাগজপত্র ও e-SIF এর হার্ড কপিসহ শিক্ষা বোর্ডের অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার "সোনালী সেবা" সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর বরাবর প্রদান করে শিক্ষা বোর্ডের অনুমতি নিয়ে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি নিতে পারবে।

১১। সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা অনুযায়ী e-SIF পদ্ধতিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে হবে। নিম্নে প্রেরিত "ছক" অনুযায়ী নির্ভুল ভাবে তথ্য প্রেরণের বিষয়টি প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

**শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটি'র সদস্যগণ যৌথভাবে দায়ী থাকিবেন।**

"সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা ছক"

EIIN........................ বিদ্যালয়ের কোড নং-(প্রযোজ্য ক্ষেত্রে)..............................................................

বিদ্যালয়ের নাম ঃ..............................................................উপজেলাঃ ...................... জেলাঃ ...............

নিজ প্রতিষ্ঠান হতে ৭ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ঃ..................................................................জন।

অন্য প্রতিষ্ঠান হতে আগত ৭ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা (যদি থাকে) .............................................জন।

(অন্য প্রতিষ্ঠান হতে আগত শিক্ষার্থীর ক্ষেত্রে ৭ম শ্রেণি উত্তীর্ণের প্রশংসা পত্র সংরক্ষণ করতে হবে )

ছাত্র সংখ্যা ঃ ..........................জন, ছাত্রী সংখ্যা ঃ ..........................জন, মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ........................ জন

(সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে)

| ক্রম | শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম (জন্ম নিবন্ধন, ভর্তি রেজিষ্টার/ফরম ও NID কার্ড অনুযায়ী) | জন্ম তারিখ | শ্রেণির ক্রমিক নম্বর ও শাখা | পঠিত বিষয়ের কোড | ধর্ম ও ৪র্থ বিষয়ের কোড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১২। রেজিস্ট্রেশন ফি-এর হার নিম্নরুপ ঃ

| ক্রঃ নং | বিষয় | ফি এর হার | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রেশন ফি | ৫০/- (পঞ্চাশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০২ | বিলম্ব রেজিঃ ফি | ৫০/- (পঞ্চাশ) টাকা (") | প্রযোজ্য ক্ষেত্রে |
| ০৩ | বয়েজ স্কাউটস/ গার্লস গাইড ফি | ১৫/- (পনের) টাকা (") | |
| ০৪ | যুব রেড ক্রিসেন্ট ফি | ২৪/- (চব্বিশ) টাকা (") | |
| ০৫ | বিলম্ব ফি ছাড়া মোট ফি | ৮৯/- (উননব্বই) টাকা (") | |
| ০৬ | বিলম্ব ফি সহ মোট ফি | ১৩৯/- (এক শত উনচল্লিশ) টাকা (") | |
| ০৭ | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি | ৩০০/- (তিন শত) টাকা | বিদ্যালয় প্রতি |

বিঃ দ্রঃ নির্ধারিত তারিখের পর কোন শিক্ষার্থীর অনলাইন নিবন্ধন করতে হলে শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে (১৩) এর ০৬ নং কলাম অনুযায়ী শিক্ষার্থী প্রতি ১৩৯/- (এক শত উনচল্লিশ) টাকা হারে "সচিব" বরাবর পূর্বের ন্যায় টাকা জমা দিয়ে "সোনালী সেবা" ক্রয়ের পরে শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন করা যাবে।

১৩। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

১৪। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (যেসকল প্রতিষ্ঠান ইতোপূর্বে নিজ প্রতিষ্ঠানের নামে e-SIF করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ২০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Passwoard সংগ্রহ করতে হবে।

১৫। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র (NID) অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করবে।

(গ) শিক্ষার্থীর নামের পূর্বে জনাব/জনাবা/Mr/Mrs/Miss/Advocate/Hazi/Al-Haj/Engr/Late/Major/Colonel/Brigadier/Dr/Prof. ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA/MCom/Mss/MSc/BA/BCom/BSc/BSS/FRCS/PHD/FCPS/Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হাল নাগাদ থাকতে হবে।

১৬। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৭। স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **"বিশেষ চাহিদাসম্পন্ন কি না"** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরুপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৯। প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর নিশ্চিত হয়ে এন্ট্রি করতে হবে।

২০। যেসকল স্কুল এবং স্কুল ও কলেজ- এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সেসকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

### জেলা ভিত্তিক অন-লাইন নিবন্ধন ও সোনালী সেবা ক্রয়ের সময়-সূচি ঃ

| ক্রম | উপজেলার নাম | "সোনালী সেবা" ক্রয়ের তারিখ | অনলাইন নিবন্ধন করার সময় সূচি | | বিদ্যালয়সমূহের "সোনালী সেবা" এর রশিদসহ e-SIF (হার্ডকপি) এবং সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ । |
|---|---|---|---|---|---|
| | | | অনলাইন চালু | অনলাইন বন্ধ | |
| ০১ | রংপুর সদর, সাদুল্ল্যাপুর, নীলফামারী সদর, হরিপুর, দিনাজপুর সদর, রৌমারী ও রাজিবপুর উপজেলা | সকল জেলা বিলম্ব ফি-ছাড়া ১২/০৯/২০২৪ খ্রিঃ হতে ১০/১০/২০২৪ খ্রিঃ পর্যন্ত। | সকল জেলা ১০/১০/২০২৪ খ্রিঃ | সকল জেলা ৩১/১০/২০২৪ খ্রিঃ (রাত্রী ১২.০০টা পর্যন্ত) | ১৭/১১/২০২৪ খ্রিঃ |
| ০২ | বদরগঞ্জ, গাইবান্ধা সদর, সৈয়দপুর, ঠাকুরগাঁও সদর, হাকিমপুর, বিরামপুর, কুড়িগ্রাম সদর উপজেলা | | | | ১৮/১১/২০২৪ খ্রিঃ |
| ০৩ | মিঠাপুকুর, পলাশবাড়ি, ডোমার, রাণীশংকৈল, ঘোড়াঘাট, ফুলবাড়ি (দিন), ও রাজারহাট উপজেলা | | | | ১৯/১১/২০২৪ খ্রিঃ |
| ০৪ | তারাগঞ্জ, সাঘাটা, ডিমলা, পীরগঞ্জ (ঠাক), বালিয়াডাঙ্গী, নবাবগঞ্জ ও ফুলবাড়ি(কুড়ি) উপজেলা | | | | ২০/১১/২০২৪ খ্রিঃ |
| ০৫ | কাউনিয়া, সুন্দরগঞ্জ, কিশোরগঞ্জ, আদিতমারি, কালীগঞ্জ, বোচাগঞ্জ ও নাগেশ্বরী উপজেলা | সকল জেলা বিলম্ব ফি-সহ ১৪/১০/২০২৪ খ্রিঃ হতে ৩০/১০/২০২৪ খ্রিঃ পর্যন্ত। | | | ২১/১১/২০২৪ খ্রিঃ |
| ০৬ | পীরগঞ্জ(রং), ফুলছড়ি, জলঢাকা, বোদা, লালমনিরহাট সদর, চিরিরবন্দর, পার্বতীপুর ও ভুরুঙ্গামারী উপজেলা | | | | ২৪/১১/২০২৪ খ্রিঃ |
| ০৭ | গংগাচড়া, গোবিন্দগঞ্জ আটোয়ারী, পঞ্চগড় সদর, পাটগ্রাম, কাহারোল, খানসামা ও চিলমারী উপজেলা | | | | ২৫/১১/২০২৪ খ্রিঃ |
| ০৮ | পীরগাছা, দেবীগঞ্জ, তেঁতুলিয়া, হাতিবান্ধা, বিরল, বীরগঞ্জ ও উলিপুর উপজেলা। | | | | ২৬/১১/২০২৪ খ্রিঃ |

অনলাইন (**e-SIF**) নিবন্ধন সংক্রান্ত সমস্যা নিরসনের জন্য প্রয়োজনে যোগাযোগ করুনঃ ০১৭১০ ৮২৫০৮২ অথবা

ই-মেইল করুনঃ-**dboardhelp@gmail.com**

জেলা ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর তালিকা  নিম্নরূপঃ

| ক্রঃ নং | জেলার নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | গাইবান্ধা | মোঃ মেসবাহুল ইসলাম, সেকশন অফিসার | ০১৯১৩-১৪৯১৯৫ |
| ০২ | কুড়িগ্রাম | মোঃ নুরুজ্জামান, সেকশন অফিসার | ০১৭১৮-৯৩৭১২১ |
| ০৩ | রংপুর | মোঃ আবু সায়েম, উচ্চমান সহকারী | ০১৭৪০-৯০২৫১০ |
| ০৪ | দিনাজপুর | রাশেদা খাতুন, ষ্ট্যানোটাইপিষ্ট | ০১৭৩৪-৯৩৫৭৭৮ |
| ০৫ | লালমনিরহাট ও পঞ্চগড় | আবু জাহিদ মোহাম্মদ সায়েম, ক্যাশ সরকার | ০১৬৪৪-৫০৬৫০৪ |
| ০৬ | নীলফামারী ও ঠাকুরগাঁও | মোঃ শহিদুল ইসলাম, নাম্বারিং মেশিন অপারেটর | ০১৭১২-২৫৬৪৬৬ |

২১। <u>রেজিস্ট্রেশন  শাখায় জমার প্রয়োজনীয় কাগজ-পত্র ঃ</u>

১. প্রতিষ্ঠান প্রধানের আবেদন   ২."সোনালী সেবা" ক্রয়ের মূল রশিদ বোর্ডের অংশ  ৩. হিসাব বিবরণী

৪. e-SIF-এর হার্ড কপি (রঙ্গিন)  ৫. সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা  [ সকল কাগজপত্র  ০২ (দুই) সেট ]

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

এই শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

22/09/2024

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

২২/০৯/২০২৪

স্মারক নং- মাউশিবোদি/বিনি/জেএসসি/বিজ্ঞপ্তি-২০২৪/১৬৩(৪১০০)    তারিখঃ ১২/০৯/২০২৪ খ্রিঃ

**অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ-**

১. । ওয়েব সাইট কপি।

২. । সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

৩. । পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

৪. । উপ- পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

৫. । সিষ্টেম এনালিষ্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার,রাজশাহী শিক্ষা বোর্ড,রাজশাহী।

৬. । পিএসটু চেয়ারম্যান  (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

৭. । অফিস কপি